



স্মারক নম্বর : কুবি/রেজি./ গৃহঋণ-৮৭৪(অংশ-০২)/২০২০/৫০৮২

২১ শে আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ

৬ই অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ


বিজ্ঞপ্তি

এতদ্বারা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে, জনতা ব্যাংক পিএলসি, কুবি শাখা হতে ৮.৫৫% (সরকারের নির্দেশনা মোতাবেক পরিবর্তন সাপেক্ষে) সরল সুদে জমি ক্রয়/গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয়/বাড়ি ক্রয়/গৃহ মেরামত সংক্রান্ত ঋণ নীতিমালা-২০১৮ অনুযায়ী ঋণ গ্রহণের আগ্রহীদের-কে (১৫তম ধাপ) আগামী ২৭/১০/২০২৬ খ্রি. মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

খ। ঋণ প্রদান সংক্রান্ত প্রক্রিয়া নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে :

- ০১। আগ্রহীগণ ঋণ মঞ্জুরির আবেদন ফর্ম পূরণপূর্বক রেজিস্ট্রার বরাবর আবেদনপত্র দাখিল করবেন।
- ০২। রেজিস্ট্রার দপ্তর এবং অর্থ ও হিসাব দপ্তরের প্রত্যয়ন প্রাপ্তির পর আবেদনগুলো ঋণ বরাদ্দ কমিটির নিকট প্রেরণ করবেন।
- ০৩। আবেদনকারী অন্য কোনো ব্যাংক/প্রতিষ্ঠানের ঋণ থাকলে তা ঋণ মঞ্জুরির আবেদন ফর্মে উল্লেখ করতে হবে।
- ০৪। কমিটি বিধি মোতাবেক সুপারিশকৃতদের তালিকা চূড়ান্ত করবেন।
- ০৫। উক্ত তালিকা ট্রেজারার ও উপাচার্য মহোদয়ের অনুমোদনের পর রেজিস্ট্রার ঋণ মঞ্জুরিপত্র ইস্যু করবেন।
- ০৬। ঋণ মঞ্জুরিপত্র পাওয়ার পর ঋণের আবেদনকারী নিজ দায়িত্বে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঋণ পরিশোধের অঙ্গীকারনামা এবং ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জামিনদারের অঙ্গীকারনামা মুদ্রণ করে সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপিসহ রেজিস্ট্রার বরাবর মঞ্জুরীকৃত ঋণ-এর অর্থ ছাড়করণের আবেদন করতে হবে।
- ০৭। ঋণ গ্রহীতার ঋণের কিস্তির পরিমাণ তাঁর মাসিক মূল বেতনের বেশি হওয়ার সুযোগ থাকবে না (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ০৮। ঋণ নীতিমালা ২০১৮ অনুযায়ী ঋণ গ্রহণকারীগণ ঋণ সমন্বয়ের সুযোগ ০১ (এক) বার পাবেন।

গ। ঋণ মঞ্জুরির সংক্রান্ত ০৫ (পাঁচ)টি ফর্ম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।


 (মোহাম্মদ নূরুল করিম চৌধুরী)
 রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
 কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। ডিন, সকল অনুষদ, কুবি।
- ০২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, কুবি।
- ০৩। প্রভোস্ট, সকল হল, কুবি।
- ০৪। প্রক্টর, কুবি।
- ০৫। পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ দপ্তর, কুবি।
- ০৬। পরিচালক, আইকিউএসি, কুবি।
- ০৭। পরিচালক, ছাত্র ও পরামর্শ ও নির্দেশনা দপ্তর, কুবি।
- ০৮। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, কুবি।
- ০৯। পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস), কুবি।
- ১০। পরিচালক, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিস, কুবি।
- ১১। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়, কুবি।
- ১২। সকল দপ্তর/অফিস/শাখা/কার্যালয়-এর প্রধান, কুবি।
- ১৩। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
- ১৪। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
- ১৫। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
- ১৬। সংশ্লিষ্ট নথি।